দৈনিক সংবাদ

তারিখ ... APR... 1 9. 1999 ... ..
পৃষ্ঠা 4 কলাম 2 ...

70

## পরীক্ষার ফলাফল প্রকাশে বিশ্ববিদ্যালয়ের অহেতুক বিলম্বের অবসান চাই

আমরা চট্টগ্রাম মেডিক্যাল কলেজের ডেন্টাল ইউনিট-এর ছাত্রবৃন্দ। আমাদের বিভিন্ন পেশাগত (১ম, ২য়, ৩য়, ৪র্থ) পরীক্ষা শেষ হয় ২১শে মার্চ ৯৯। সব মিলিয়ে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১০০ জনের চেয়ে কম, অথচ আমাদরে ফলাফল প্রকাশে সবসময় অহেতুক বিলম্ব হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দোষারোপ করেন কলেজ কর্তৃপক্ষকে, কলেজ কর্তৃপক্ষ করেন বিশ্ববিদ্যালয়কে। যাহোক এর চাপে পড়ে ছাত্র-ছাত্রীদের মূল্যবান সময় নষ্ট হয়, আর দরিদ্র জনগণ বঞ্চিত, হয় চিকিৎসার সুযোগ থেকে। কারণ আমাদের সমস্ত পড়াশোনাই রোগীদের উপর ভিত্তি করে। তাছাড়া ৪র্থ পেশাগত পরীক্ষার মাধ্যমে চিকিৎসক হিসেবে একজন ছাত্রের আত্মপ্রকাশ ঘটে। আমাদের সমসাময়িক এম,বি,বি,এস পরীক্ষার্থীর সংখ্যা ১০০০ জনের চেয়ে কম নয়। যাহোক, আমাদের সমস্ত পেশাগত পরীক্ষার ফলাফল অবিলম্বে প্রকাশ করে আমদের সমস্যা সমাধানের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের কাছে দাবি জানাচ্ছি।

ওয়াসিম রায়হান
ইমরান চৌধুরী
টুটুল আহমেদ এবং
আরো অনেকে
ডেন্টাল ইউনিট
চট্টগ্রাম মেডিক্যাল কলেজ
চট্টগ্রাম।

OF ___ SHEETS